



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/29/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমোর সাথে, সেন্ট পিটার্সবার্গের মেম্বর রিক ক্রিসম্যান যোগদান করেন, ঘোষণা করেন নিউ ইয়র্ক স্টেট চার্চ পরীক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করবে সেন্ট পিটার্সবার্গ COVID-19 হটস্পটগুলিতে

দিনে 500 পর্যন্ত পরীক্ষা প্রদান করবে পিনেলাস কমিউনিটি চার্চ সাইট

বাসিন্দারা (833)-NYS-4-FLA নম্বরে কল করে সাফাংকারের মাধ্যমে পরীক্ষার সময়সূচি নির্ধারণ করতে পারবেন

নিউ ইয়র্ক স্টেট সেন্ট পিটার্সবার্গে মাস্ক, ফেস শিল্ড, গ্লাভস, গাউন এবং হ্যান্ড স্যানিটাইজার পাঠাচ্ছে

ছবি পাওয়া যাবে [এখানে](#)

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট ফ্লোরিডার সেন্ট পিটার্সবার্গে একটি টেস্টিং সাইট স্থাপন করবে। পিনেলাস কমিউনিটি চার্চের সাইটটি প্রতিদিন 500 পর্যন্ত পরীক্ষা প্রদান করবে।

"আমাদের প্রয়োজনের সময়ে, আমি এক অন্ধকার দিনে যখন আমি স্বৈচ্ছাসেবকদের জন্য একটি ব্রিফিং করছিলাম তখন তাদের বলি আমাদের সাহায্য করতে আসতে। আমি ডাক্তার এবং নার্সদের নিউ ইয়র্কে আসতে বলেছি, এবং সারা দেশ জুড়ে 30,000 মানুষ সাহায্যের জন্য হাত গুটিয়ে এগিয়ে আসেন," **গভর্নর কুওমো বলেন।** "আমি জানি আমি সব নিউ ইয়র্কবাসীদের হয়ে বলছি যখন আমি বলি যে আমাদের কাছে যে সাহায্য এসেছে তার জন্য আমরা সব সময় কৃতজ্ঞ থাকব, এবং আমরা আজ সেন্ট পিটার্সবার্গে PPE পাঠিয়ে সেই উপকারের প্রতিদান দিচ্ছি যেখানে আমরা একসাথে একটি কমিউনিটি টেস্টিং সাইট স্থাপনের জন্য কাজ করেছি। আমরা উপকারের প্রতিদান দিতে থাকব এবং যার প্রয়োজন হবে তাকে সাহায্য করতে থাকব।"

সেন্ট পিটার্সবার্গের মেম্বর রিক ক্রিসম্যান বলেন, "এই জনস্বাস্থ্য সংকট জুড়ে আমি গভর্নর অ্যাঙ্কু কুওমোর নেতৃত্ব এবং নিউ ইয়র্কবাসী এবং আমাদের জাতির সাথে পরিশ্কারভাবে যোগাযোগ করার ক্ষমতার প্রশংসা করেছি। ফ্লোরিডা যখন COVID-19 এর সব চেয়ে খারাপ অবস্থার মুখোমুখি হচ্ছে, আমি নিউ ইয়র্কের প্রযুক্তিগত সহায়তা এবং নির্দেশিকার জন্য কৃতজ্ঞ, তার সাথে টেস্ট কিট এবং

গুরুত্বপূর্ণ সরবরাহের দানের জন্যও, এবং আমাদের সব চেয়ে ক্ষতিগ্রস্ত এলাকার বাসিন্দাদের যাতে অতিরিক্ত পরীক্ষা করানোর সুবিধা পান তা নিশ্চিত করতে তাদের সাথে অংশীদারিত্ব করতে পেরে আমি গর্বিত। পিনেলাস কাউন্টি এবং সেন্ট পিটার্সবার্গ শহর সঠিক পথেই চলেছে। আমরা ফ্লোরিডার প্রতিটি পদক্ষেপে নেতৃত্ব দিয়েছি, কিন্তু ব্যাপক পরীক্ষা এবং পরবর্তী প্রোটোকলগুলি এই স্বাস্থ্য সংকট অতিক্রম করার চাবিকাঠি। আমরা পিনেলাস কমিউনিটি চার্চে একটি বিনামূল্যের পরীক্ষা কেন্দ্র প্রদান করতে পেরে আনন্দিত যা প্রতিবেশী বাসিন্দাদের এবং সানশাইন সিটি জুড়ে যারা আছেন তাদের পরিষেবা প্রদান করবে।"

চার্ট পরীক্ষার সাইট SOMOS কমিউনিটি কেয়ার (SOMOS Community Care) থেকে দক্ষতা এবং সংস্থানের সাহায্যে তৈরি করা হয়েছে। এছাড়াও নিউ ইয়র্ক স্টেট নিচের রসদগুলি সরবরাহ করবে:

- 124,000 সার্জিক্যাল মাস্ক (50 আক্রান্ত)
- 7,500 VTM টেস্ট কিট
- 7,500 গাউন
- 11,500 গ্লাভস
- 7,500 মিলিয়ন N95 মাস্ক
- 7,500 ফেস শিল্ড
- 1,250 গ্যালন হ্যান্ড স্যানিটাইজার
- 1,200টি স্যানিটাইজিং ওয়াইপস
- 120টি গগলস
- 10টি ক্লোজড সার্কিট ভেন্টিলেটর
- টেলি-স্বাস্থ্য চাহিদা নিয়ে সহায়তা করতে 10টি আইপ্যাড

SOMOS কমিউনিটি কেয়ার এর চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা ডঃ রামন ট্যালাজ বলেন, "আমরা যেখানে আমাদের প্রয়োজন সেখানে যাই - SOMOS এর ডাক্তাররা সামনের সারিতে ছিলেন যখন গত বসন্তে নিউ ইয়র্ক সিটিতে এই ভাইরাস শিখরে ওঠে এবং আমরা যে সব সম্প্রদায়কে সব চেয়ে বেশি আঘাত করে যেখানে আমরা বাস করি এবং কাজ করি। তাই, আমাদের বিভিন্ন সম্প্রদায়ের ডাক্তাররা, যাদের অনেকেই নিজেরা অভিবাসী, তারা বুঝতে পারেন টাম্পা-সেন্ট পিটার্সবার্গে COVID-19 এর প্রাদুর্ভাবের জন্য নিম্ন আয়ের, অভিবাসী এবং সংখ্যালঘু সম্প্রদায়গুলি কতটা অসুরক্ষিত। যখন ফ্লোরিডা এবং সান বেল্ট জুড়ে ঘটনা বাড়ছে, আমরা গভর্নর কুওমোর সাথে আমাদের চলমান অংশীদারিত্বের জন্য গর্বিত নিউ ইয়র্কের অভিজ্ঞতাকে সব চেয়ে বেশি প্রয়োজন যে এলাকাগুলিতে সেখানে পরীক্ষা বাড়ানোর জন্য। আমরা এই ভাইরাস ছড়িয়ে পড়া বন্ধ করতে স্থানীয় স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং সম্প্রদায়ের নেতাদের সাথে দক্ষতা ভাগাভাগি করার জন্য আগ্রহী।"

সেন্ট পিটার্সবার্গের পরীক্ষার সাইট অন্যান্য শহর ও রাজ্যগুলিকে দেশ জুড়ে COVID-19 যুদ্ধে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির সাথে যোগদান করে। আজ সেন্ট পিটার্সবার্গে দান করা বস্তুগুলি ছাড়াও, নিউ ইয়র্ক অন্যান্য রাজ্যদের COVID এর সাম্প্রতিক বেড়ে ওঠার

মোকাবেলা করার জন্য প্রায় 250,000 PPE এবং পরীক্ষার উপাদান দান করেছে। গত সোমবার, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট [সান্তানা জর্জিয়ায়](#), দুটি চার্চ টেস্টিং সাইট প্রতিষ্ঠা করেছে COVID-19 হটস্পটগুলিতে। তার আগে, গভর্নর কুওমো ঘোষণা করেছিলেন যে নিউ ইয়র্ক স্টেট [টেক্সাসের হিউস্টনে](#), দুটি চার্চ টেস্টিং সাইট প্রতিষ্ঠা করেছিলেন COVID-19 হটস্পটগুলিতে। 13 জুলাই এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট [জর্জিয়ার আটলান্টায়](#) টেস্টিং এবং কন্ট্রাক্ট ট্রেসিং টিম পাঠাবে। 10 জুলাই, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট [ফ্লোরিডায়](#) COVID-19 এর ওষুধ রেমডেসিভির (Remdesivir) পাঠাবে কারণ স্টেটে আক্রান্ত ব্যক্তির পুনরায় সেরে ওঠার ক্ষেত্রে লড়াই করছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)